

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন অধিশাখা

সংশোধনী

তারিখ: ১৯ এপ্রিল ২০১৭

নং ৩৫.০২০.০১১.০০.০০.০১৬.১০(অংশ-১)-১৪৭—বাংলাদেশ রোড ট্রাপ্পোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ এর সংশোধিত তফসিল গত ০৪-০৫-২০১৬ তারিখে বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত হয়েছে। মুদ্রণকালে উক্ত বিধিমালার তফসিলের ৫ ও ৬ নং অনুচ্ছেদে যথাক্রমে ‘পরিচালক (প্রশিক্ষণ)’ ও ‘পরিচালক (রোড সেফটি)’ এর ফিডার পদে থেকে ‘উপপরিচালক’ পদটি বাদ পড়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত তফসিলের ৫ ও ৬ নং অনুচ্ছেদে যথাক্রমে ‘পরিচালক (প্রশিক্ষণ)’ ও ‘পরিচালক (রোড সেফটি)’ এর ফিডার পদে অন্যান্য পদের সাথে ‘উপপরিচালক’ পদটি রয়েছে।

২। উল্লেখ্য, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রণের সময় ভুলক্রমে ‘উপপরিচালক’ পদটি বাদ পড়েছে। কাজেই নিয়োগ বিধিমালা, ১৯৯২ এর সংশোধিত তফসিলের ৫ ও ৬ নং অনুচ্ছেদে যথাক্রমে ‘পরিচালক (প্রশিক্ষণ)’ ও ‘পরিচালক (রোড সেফটি)’ এর ফিডার পদে ‘উপপরিচালক’ পদটি প্রতিস্থাপন করা প্রয়োজন। অন্যথায় উক্ত পদটির পদোন্নতি ব্লক হয়ে পড়বে।

৩। এমতাবস্থায়, নিয়োগ বিধিমালার তফসিলের ৫ ও ৬ অনুচ্ছেদে যথাক্রমে ‘পরিচালক (প্রশিক্ষণ)’ ও ‘পরিচালক (রোড সেফটি)’ এর ফিডার পদে ‘উপপরিচালক’ পদটি প্রতিস্থাপন করা হল।

মনীন্দ্র কিশোর মজুমদার  
যুগ্মসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৪৪১৭)

মূল্য : টাকা ৮.০০